

তাল—কাওয়ালী

রাগিনী—মঙ্গলবিভাস

জয় জগৎ বন্ধু গুরুচন্দ্র হে ।

নমঃশূদ্র কুলোদ্ধারণ কৃপাসিন্ধে ॥

১। নিজ গুণে দয়া করি এলে দয়াল,  
 দীন হীন বেশে তুমি বিশ্ব-ভূপাল ।  
 পতিত উদ্ধারণ রূপে সাজলে কাঙ্গাল ॥

২। চির দুঃখ ভরা নমঃশূদ্র জাতি,  
 নিজ গুণে তরাইলে হে শ্রীপতি !  
 চির পতিতেরে তুমি দিলে গতি ॥

৩। কিবা সুন্দর শ্রীধাম ওড়াকান্দী,  
 ছোটো জগৎবাসী সেথা কান্দি' কান্দি  
 পাপ মোহে পড়ে আছি মায়ার বন্দী ॥

৪। ধর্ম অর্থ কাম মোক্ষ সর্ব নীতি,  
 দয়া করি শিখাইলে হে ভূপতি ।  
 দীনের শরণ গুরু অগতির গতি ॥

৫। অহং জ্ঞানে অন্ধ দীনের মহানন্দ,  
 রক্ষা কর তারে দিয়ে পদারবিন্দ ।  
 আব্রহ্ম সকলের পতি গুরুচন্দ্র ॥

—মহানন্দ হালদার

